দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 13 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# মেডিক্যালে ভর্তি পরীক্ষায় নম্বর কাটার সিদ্ধান্ত হাইকোর্টে স্থগিত

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ মার্কস কর্তনের সিদ্ধান্ত স্থগিত করেছে হাইকোর্ট। আদালত বলেছেন, দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া পরীক্ষার্থীদের ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত পরীক্ষা অনুষ্ঠানের কয়েক মাস আগে নেয়া কি যুক্তিযুক্ত হয়েছে? এ ধরনের সিদ্ধান্ত কমপক্ষে এক বছর পূর্বেই পরীক্ষার্থীদেরকে জানানো উচিত ছিল। তাহলে শিক্ষার্থীরা পূর্ব থেকেই মানসিকভাবে প্রস্তুতি নিয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারত। কিন্তু হঠাৎ পৃষ্ঠা ১৯ কলাম ৭

## মেডিক্যালে ভর্তি পরীক্ষায়

প্রথম পৃষ্ঠার পর

করে নেয়া সিদ্ধান্তের ফলে কি তারা বৈষম্যের শিকার হবে না? কারণ দ্বিতীয় বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরা আগে থেকেই জেনে আসছিল তারা পূর্বের নিয়মেই ভর্তি পরীক্ষা দেবে। বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেনের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ গতকাল মঙ্গলবার এই আদেশ দেন। একইসঙ্গে নম্বর কর্তনের ওই সিদ্ধান্তকে কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। চার সপ্তাহের মধ্যে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে।

চলতি শিক্ষাবর্ষে (২০১৭-২০১৮) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির লক্ষ্যে গত ২১ আগস্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, উক্ত শিক্ষাবর্ষে এমবিবিএস বা বিডিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের সর্বমোট নম্বর থেকে ৫ নম্বর কর্তন করে মেধাতালিকা প্রস্তুত করা হবে। নম্বর কর্তনের এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন আইনজীবী ইউনূস আলী আকন্দ।

রাষ্ট্রপক্ষে অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মাহবুবে আলম বলেন, এমবিবিএস ভর্তি পরীক্ষায় প্রথমবার যারা অংশগ্রহণ করছেন তারা এইচএসসি পরীক্ষার পর মাত্র কয়েক মাস পড়ালেখার সময় পায়। কিন্তু দ্বিতীয় বার অংশগ্রহণকারীরা প্রায় অতিরিক্ত এক বছরের বেশি পড়ার সুযোগ পাচ্ছেন। এটাও তো এক ধরনের বৈষম্য সৃষ্টি করছে। শুনানি শেষে হাইকোর্ট নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করে রুল জারি করে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর